

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.০১২.০১.১৯-১৩০

তারিখ: ২৫ মাঘ ১৪২৮ ব.  
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর স্মারক নং-৮০.০০.০০০০.১০৮.১২.০৬৯.২১-৪৭, তারিখ: ০৩/০২/২০২২ খ্রি. মূলে সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' (সংশোধিত ২০২০ অনুযায়ী)-এর বিধি-৫ অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর হতে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য ব্যক্তিগত কর্মকর্তার ০২ (দুই) টি স্থায়ী শূন্য পদে নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মচারীকে অস্থায়ী ভিত্তিতে **ব্যক্তিগত কর্মকর্তা** পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রঃ নং	গ্রেডেশন নং	নাম ও বর্তমান পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতনক্রম
০১.	০২	মোঃ ইউসুফ হোসেন সীট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	ব্যক্তিগত কর্মকর্তা	১০ম গ্রেড ১৬,০০০-৩৮,৬৪০/-
০২	০৩	মোঃ জালাল হোসেন সীট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	ব্যক্তিগত কর্মকর্তা	১০ম গ্রেড ১৬,০০০-৩৮,৬৪০/-

**২। উক্ত পদোন্নতি তীদের যোগদানের তারিখ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কার্যকর হবে:**

- (ক) 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)-এর ৬(১) (খ) বিধি মোতাবেক উক্ত কর্মচারীদ্বয় অস্থায়ীভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত 'ব্যক্তিগত কর্মকর্তা' পদে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরও ০১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন;
- (খ) শিক্ষানবিস মেয়াদকালে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পূর্বতন পদে প্রত্যাবর্তন (Revert) করতে পারবেন;
- (গ) সরকারের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁদের চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;
- (ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁদের চাকুরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

**৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ আদেশ জারী করা হলো।**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

*(স্বাক্ষর)*  
০৬/২/২২

(জিনাত রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৪৮১১১৭৪৪

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.০১২.০১.১৯-১৩০

তারিখ: ২৫ মাঘ ১৪২৮ ব.  
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (তঁার কার্যালয়ের স্মারক নং-৮০.০০.০০০০.১০৮.১২.০৬৯.২১-৪৭, তারিখ: ০৩/০২/২০২২ খ্রি.-এর আলোকে সদয় অবগতির জন্য প্রেরিত হলো)।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১১। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১২। জনাব মোঃ ইউসুফ হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১৩। জনাব মোঃ জালাল হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১৪। ব্যক্তিগত নথি।
- ১৫। সংশ্লিষ্ট নথি।